



HM Government



# একসাথে পরিকল্পনা করা: সঠিক সময়ে হাসপাতাল ত্যাগ করা



হাসপাতাল ত্যাগ করা নিয়ে আপনার কেন পরিকল্পনা শুরু করা উচিত সেটি এই লিফলেট বা প্রচারপত্রটিতে ব্যাখ্যা করা হয়েছে।

## আমার হাসপাতাল ত্যাগ করা নিয়ে আমরা কেন পরিকল্পনা শুরু করেছি?

আপনার সুস্থ হয়ে ওঠা এবং সঠিক সময়ে আপনার হাসপাতাল পরিত্যাগে আপনাকে সহায়তা করাই আমাদের অগ্রাধিকারে থাকবে। আপনি তখনই হাসপাতাল পরিত্যাগ করবেন যখন আপনার আর হাসপাতালের পরিচর্যার প্রয়োজন হবে না এবং যখন এরকম করাটি নিরাপদ হবে। আপনি যেন নিরাপদভাবে এবং সময়মত হাসপাতাল পরিত্যাগ করতে পারেন সেজন্য আমাদের একত্রে এখনই পরিকল্পনা শুরু করা অত্যন্ত জরুরী।

বেশিরভাগ ক্ষেত্রে আপনি ঘরে ফিরে যাবেন। সুস্থ হয়ে ওঠার জন্য আপনার অতিরিক্ত যত্ন বা প্রায়োগিক সহায়তা যেমন বাজার করায় সহায়তার প্রয়োজন হতে পারে। আপনি যদি কেয়ার হোমের বাসিন্দা হয়ে থাকেন তাহলে আপনাকে সম্ভবত কেয়ার হোমে ফেরত পাঠানো হবে। যদি আপনার আরো জটিল পরিচর্যা গ্রহণ করার প্রয়োজন হয় তাহলে এটি একটি কমিউনিটি প্রতিষ্ঠানে অন্য একটি বিছানায় এর ব্যবস্থা করা যেতে পারে।

## আমি কী প্রত্যাশা করতে পারি?

**প্রাথমিক কথোপকথন** - আপনি হাসপাতালে পৌঁছানোর পর পরই আমরা আপনার হাসপাতাল পরিত্যাগ করা বিষয়ে আলোচনা এবং পরিকল্পনা করবো। আপনি যদি চান তাহলে আমরা আপনার কেয়ারার, পরিবার এবং/বা বন্ধুবান্ধবদের নিয়ে কথোপকথন করবো।

## 'ডিসচার্জের প্রত্যাশিত তারিখ' -

হাসপাতালে পৌঁছানোর পরেই আপনাকে একটি 'ডিসচার্জের প্রত্যাশিত তারিখ' দেওয়া হবে (আপনি প্রত্যাশিত যে তারিখে হাসপাতাল ছেড়ে যাবেন) যা আপনার হাসপাতালে থাকাকালীন সময়ে পর্যালোচনা করা হবে।

## কোন বিষয়টি বিবেচনা করার জন্য আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ মনে হয়

- আপনার যত্নকারী দল বা কেয়ারিং টিমটি জিজ্ঞাসা করবে যে 'আপনার কাছে কোন বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ মনে হয়?'. আপনার হাসপাতাল ছেড়ে যাবার সময় তারা উক্ত বিষয়টি বিবেচনাধীন রাখবে।

## হাসপাতালে থাকাকালীন সময়ে যেসকল প্রশ্ন করা যেতে পারে:

1. আমার হাসপাতালে আসার মূল কারণ কী?
2. আজকে এবং আগামীকাল আমার সাথে কী হতে যাচ্ছে?
3. হাসপাতাল ছেড়ে যাবার সময় আমার অতিরিক্ত আরও কী কী সহায়তার প্রয়োজন হতে পারে?
4. আমি কখন হাসপাতাল ছেড়ে যেতে পারবো?